বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোন নংঃ ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email:dgmrsd@krishibank.org.bd

প্রকা/গবে ও পরিঃ ৪৬(৫)/ CIB Online/২০২২-২০২৩/ ১৮২ তারিখ ঃ ০৭/০৯/২০২২

০১। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা;
০২। ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ব্যক্তি পর্যায়ের গ্রাহকের জাতীয় পরিচয়পত্র (NID) বাধ্যতামূলকভাবে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর ০৮/০৮/২০১৯ তারিখের পত্র নং-সিআইবি-২(১)/২০১৯-২৪৪৫ (কপি সংযুক্ত) এর প্রতি পুনরায় দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত পত্রে, নতুন ঋণ মঞ্জুরীকালে সকল গ্রাহক (ব্যক্তি ঋণ গ্রহিতা, প্রতিষ্ঠানের মালিক/পরিচালক/শেয়ারহোল্ডার/জামিনদার/কো-বরোয়ার) এর জাতীয় পরিচয়পত্র (NID) সংগ্রহপূর্বক সিআইবি ডাটাবেইজে রিপোর্টিং নিশ্চিতকরণের বাধ্যবাধকতা আরোপ করে বলা হয়েছে যে, ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে অন্তর্ভূক্ত না করা জরিমানাযোগ্য অপরাধ। এছাড়া, যে সকল ঋণের আবেদনে SMART CARD গ্রহন করা হয়েছে তাদের ক্ষেত্রে নির্বাচন কমিশনের 'জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ' লিংক হতে উক্ত SMART CARD নম্বরের বিপরীতে ১৩/১৭ ডিজিটের NID নম্বরটি সংগ্রহপূর্বক সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

০৩। এমতবস্থায়, শাখা কর্তৃক ঋণ মঞ্জুরী বা মঞ্জুরীর জন্য উর্ধতন কার্যালয়ে প্রস্তাব প্রেরণসহ নবায়ন/পুনঃতফসিল/পুনঃগঠন/সুদ মওকুফসহ ঋণ সংক্রান্ত যাবতীয় বিষয়ে ব্যক্তি ঋণগ্রহীতা ও ঋণ আবেদনকারী প্রতিষ্ঠানের মালিক/পার্টনার/পরিচালক/শেয়ারহোল্ডার/জামিনদার/কো-বরোয়ার(গণ) এর বাধ্যতামূলকভাবে জাতীয় পরিচয়পত্র (NID) গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,
07/09/2022

সংযুক্তিঃ ০১(এক)।

(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-৩ এর দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়;
০৩। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
০৫। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়;
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৭। নথি।

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

সূত্র নং- সিআইবি-২(১)/২০১৯-২৪৪৫

তারিখ ঃ ০৮/০৮/২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**ব্যক্তি পর্যায়ের গ্রাহকের জাতীয় পরিচয়পত্র (NID) বাধ্যতামূলকভাবে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করা প্রসঙ্গে।**

ব্যাংকিং খাতে ঋণশৃঙ্খলা বজায় রাখার স্বার্থে সিআইবি ডাটাবেইজ হতে গ্রাহকদের সঠিক সিআইবি রিপোর্ট প্রস্তুতকরণ খেলাপী ঋণের পরিমাণ নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ লক্ষ্যেই সিআইবি ডাটাবেইজে প্রতিটি গ্রাহকদের বিপরীতে Unique ID নিশ্চিতকরণ একান্ত প্রয়োজন। এ প্রেক্ষিতে, নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হ'ল-

০১। নতুন ঋণ মঞ্জুরীকালে বাংলাদেশের নাগরিক এমন সকল গ্রাহকের (ব্যক্তি ঋণগ্রহীতা, প্রতিষ্ঠানের মালিক/ পরিচালক/ পার্টনার/ শেয়ারহোল্ডার/ জামিনদার/ কোবরোয়ার) NID বাধ্যতামূলকভাবে সংগ্রহ করে সিআইবি ডাটাবেইজে রিপোর্টিং নিশ্চিত করতে হবে। এ নির্দেশনা জুলাই, ২০১৯ এর Batch Contribution দাখিল করার সময় হতেই পরিপালন করতে হবে।

০২। যে সকল ব্যক্তি আপনাদের প্রতিষ্ঠানে ঋণ আবেদনকালে SMART CARD প্রদান করছেন তাদের ক্ষেত্রে নির্বাচন কমিশনের 'জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ' লিংক হতে উক্ত SMART CARD নম্বরের বিপরীতে ১৩/১৭ ডিজিটের NID নম্বরটি সংগ্রহপূর্বক সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যথায় গ্রাহকদের কাছ থেকে ১৩/১৭ ডিজিটের NID'র ফটোকপি অবশ্যই সংগ্রহ করে সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে। যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সাথে উক্ত 'জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ' লিংক ব্যবহার করার সুযোগ নেই তাদেরকে অনতিবিলম্বে নির্বাচন কমিশনের সাথে যোগাযোগপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

০৩। ব্যুরো কর্তৃক ০৪/০৭/২০১৯ তারিখে প্রেরিত পত্র সূত্র নং- সিআইবি-২(১)/২০১৯-২০৯৫ এর নির্দেশনা অনুযায়ী যে সকল গ্রাহকের NID, TIN অদ্যাবধি ব্যুরোর ডাটাবেইজে রিপোর্ট করা হয়নি সে সকল NID, TIN ব্যুরোতে আগামী ২৯ আগষ্ট, ২০১৯ তারিখের মধ্যে দাখিলের বিষয়ে জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। অন্যথায় সিআইবি সার্কুলার অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনাদের বিশ্বস্ত

(মুন্সী মোহাম্মদ ওয়াকিদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৫৮

c:\users\ahmunshi\desktop\msi kamrul (2.doc